গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন লাঞ্ছিতের ঘটনা টক অফ দি টাউন

কেন্দ্রীয় আওয়ামী লীগের নেতৃবৃন্দের সামনে গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন লাঞ্ছিতের ঘটনা ছিল টক অফ দি গাংনী উপজেলার খবরে পরিণত হয়েছে।

গতকাল সোমবার সকাল থেকে সারাদিন ব্যাপি চায়ের দোকান, বিভিন্ন মহল ও রাজনৈতিক অঙ্গণে ছিল আলোচনা ও সমালোচনার ঝড়।

একটাই প্রশ্ন ঘুরপাক খাচ্ছে রাজনৈতিক অঙ্গণসহ বোদ্ধামহলে। ঘোষণা করা হয়েছে উপজেলা আওয়ামী লীগের কমিটি গঠণের কাউন্সিল। তাহলে সহযোগী সংগঠণ যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন এত উদগ্রীব কেনো? তার আগের বিভিন্ন বিতর্কিত কর্মকান্ডেরও হিসেব নিকেশ কষছেন রাজনৈতিক মহলের নেতৃবৃন্দ।

তবে তাকে কেন্দ্রীয় নেতৃবৃন্দের সামনে দফায় দফায় লাঞ্ছিতের ঘটনায় কেউ কেউ সমালোচনা করেছেন। তবে এঘটনায় মোশাররফ হোসেন বিষয়টিকে এড়িয়ে গেছেন বলেও দাবী করেছেন।

গত রোববার সকাল ১১ টার দিকে বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতৃবৃন্দের সামনে মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন সম্পর্কে আপত্তিকর মন্তব্য করায় আওয়ামী লীগের নেতৃবৃন্দ কেন্দ্রীয় নেতাদের সামনেই গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেনকে শারীরিকভাবে লাঞ্ছিত করেন। পরে আবারও দ্বিতীয় দফায় রুমের বাইরে এনে লাঞ্ছিত করেন।

মেহেরপুর সার্কিট হাউজে বাংলাদেশ আওয়ামী লীগের খুলনা বিভাগী সাংগাঠনিক সম্পাদক বি এম মোজাম্মেল হকের সামনে এ লাঞ্ছিতের ঘটনা ঘটে।

দলীয় সূত্র দাবী করেছে, রবিবার সকালে সার্কিট হাউজ মিলনায়তনে শুরু হওয়া আলোচনা সভায় কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হকের সামনে গিয়ে যুবলীগ সভাপতি মোশাররফ হোসেন সেবার সামনে মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ

বলায় তাকে উপযুক্ত জবাব দিয়েছেন আওয়ামী লীগের নেতাকর্মীরা।

গাংনী উপজেলা আওয়ামী লীগের সাংগাঠনিক সম্পাদক নজরুল ইসলাম বলেছেন, মোশাররফ হোসেনের নিজেই তো সব সময় আওয়ামী লীগের বিরুদ্ধে কাজ করেছেন। সে কখনোই নৌকা মার্কায় ভোট দেননি।

প্রতিবারই নৌকার বিরুদ্ধে স্বতন্দ্র প্রার্থীর পক্ষে ভোট করেছেন মোশাররফ হোসেন। জাতীয় সংসদ সদস্য নির্বাচনে সে প্রতিবারই স্বতন্ত্র প্রার্থী মকবুল হোসেনের পক্ষে, উপজেলা পরিষদ নির্বাচনে নৌকার বিপক্ষে স্বতন্ত্র প্রার্থী মজিরুল ইসলামের পক্ষে ও সব শেষ ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত নৌকার প্রার্থীর বিরুদ্ধে স্বতন্ত্র প্রার্থী আনোয়ার পাশার পক্ষে ভোট করেছেন। সে আওয়ামী লীগের উপজেলা সভাপতি ও স্থানীয় সাংসদের বিরুদ্ধে এসব কথা বলে কোন সাহসে।

ধানখোলা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আলী আজগর বলেছেন, রাজনৈতিক অঙ্গণে মোশাররফ হোসেন একজন খলনায়ক। আওয়ামী লীগের মতবিনিময় সভায় যুবলীগ সভাপতি মোশাররফ হোসেন থাকতে পারেন না।

সে আওয়ামী লীগের মনোনীত এমপিকে আপত্তিকর কথা বলতেও পারেন না। তিনি বলেন, তার আপত্তিকর কথার জন্য সার্কিট হাইজেই দুই দফা মারধর করেছে স্থানীয় নেতা কর্মীরা।

তবে ঘটনার সময় জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক জানান, আমি ও গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন এক সাথেই আছি।

লাঞ্ছিতের ঘটনায় গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন বলেছেন, এব্যাপারে আমি কোনো মন্তব্য করতে চাইনা। আমার কোনো অভিযোগও নেই।

উল্লেখ্য, গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেনকে গাংনীর বামন্দী নিশিপুর স্কুল এন্ড কলেজের ম্যানেজিং কমিটির বিরোধ নিয়ে বামন্দী বাসস্ট্যান্ডে প্রচন্ড হামলা করে একটি হাত ভেঙ্গে দিয়েছিলেন গাংনী উপজেলা পরিষদের ভাইসচেয়ারম্যান রাশেদুল হক জুয়েলের নেতৃত্বে একদল মানুষ।

উল্লেখ্য, দীর্ঘ ১৮ বছর পর গাংনী উপজেলা আওয়ামী লীগের ত্রিবার্ষিক কাউন্সিলের তারিখ ছিল গত ২০ মার্চ। অজ্ঞাত কারণে

ত্রিবার্ষিক কাউন্সিল বন্ধ ঘোষণা করেন কেন্দ্রীয় আওয়ামী লীগ।

পরে ২১ মার্চ আওয়ামী লীগের কেন্দ্রীয় সাংগাঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হকসহ নেতা কর্মীরা স্থানীয় কোন্দল মিমাংসার জন্য মেহেরপুর সার্কিট হাউজে এক মতবিনিময় সভার আয়োজন করেন।

মতবিনিময় সভাশেষে আগামী ১০ এপ্রিল গাংনী উপজেলা আওয়ামী লীগের ত্রিবার্ষিক কাউন্সিলের সম্ভাব্য তারিখ ঘোষণা করেন।

বিশ্বকাপে ভারতকে হারাতে বাংলাদেশের দরকার ২৩০

প্রথমবারের মতো নারী ওয়ানডে বিশ্বকাপ খেলতে গিয়ে পাকিস্তানকে হারিয়েছে বাংলাদেশ। ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষেও চলে গিয়েছিল জয়ের একেবারে দ্বারপ্রান্তে। টুর্নামেন্টে আজ বাংলাদেশের প্রতিপক্ষ ভারত। ওয়ানডে বিশ্বকাপে প্রথম দেখাতেই ভারতকে হারাতে নিগার সুলতানাদের করতে হবে ২৩০ রান।

নিউজিল্যান্ডের হ্যামিল্টনে টসে জিতে আগে ব্যাট করে নির্ধারিত ৫০ ওভারে ৭ উইকেটে ২২৯ রান সংগ্রহ করেছে ভারত। শুরুটা দুর্দান্ত ছিল ভারতের। উদ্বোধনী জুটিতে ১৫ ওভারের আগেই ৭৪ রান তুলে ফেলে তারা। এরপর স্মৃতি মান্দানাকে ফিরিয়ে বাংলাদেশকে প্রথম সাফল্য এনে দেন নাহিদা আক্তার। মান্দানার ব্যাট থেকে আসে ৫১ বলে ৩০ রান।

১৬তম ওভারে ভারতের ইনিংসে জোড়া আঘাত হানেন রিতু মনি। ওভারের তৃতীয় ও চতুর্থ বলে ফেরান শেফালি ভার্মা ও অধিনায়ক মিতালি রাজকে। ৪২ বলে ৪২ রান করা শেফালি ফেরেন স্ট্যাম্পিং হয়ে। ক্রিজের এসেই প্রথম বলে কাভারে ক্যাচ তুলে দেন মিতালি।

এরপর যতিকা ভাটিয়ার ৫০, পূজা বস্ত্রাকরের অপরাজিত ৩০, স্নেহ রানার ২৭ ও রিচা ঘোষের ২৬ রানে ভর করে ৫০ ওভার শেষে ২২৯ রানে স্কোর পায় ভারত। বাংলাদেশের পক্ষে রিতু মনি ৩৭ রানের বিনিময়ে তিনটি উইকেট লাভ করেন। নাহিদা খাতুনের শিকার দুই উইকেট।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

এলাকাবাসী উদ্যোগ গ্রহন করে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার খাসকররা ইউনিয়ন প্রত্যন্তঞ্চল হিসাবে খ্যাতি। আলমডাঙ্গা শহর হতে প্রায় ১৫ কি:মি দুরত্ব। ইউনিয়নের ঝিনাইদহ জেলার হরিণাকুন্ডু ও আলমডাঙ্গা খাসকররা ইউনিয়ন অবস্থিত একটি স্থায়ী পুলিশ ফাঁড়ি রয়েছে।

তবুও খাসকররা বাজার অত্যান্ত গুরুত্বপূর্ণ হওয়ায় বাজার ও স্কুল কলেজের নিরাপত্তার কারণে আবারো স্থানীয়দের সহযোগীতায় গড়ে তোলা হচ্ছে পুলিশ ফাঁড়ি।

এমন উদ্যোগে গ্রহণ করেছে খাসকররা ইউনিয়ন পরিষদের নির্বাচিত চেয়ারম্যান তাফসির আহমেদ লাল। তিনি জানান, আলমডাঙ্গা শহর হতে খাসকররা বাজারের দুরত্ব প্রায় ১৫ কিলোমিটার।

যে কোন ঘটনা এড়াতে পুলিশের ভূমিকা গুরুত্ব বহন করে। এই এলাকায় কোন ধরণে সহিংসতা কিংবা অপরাধ মূলক কর্মকান্ড যেনো না হয় সে কারণে স্থানীয়দের সহযোগীতায় পুলিশ ফাঁড়ি নির্মাণ করা হচ্ছে।

নির্মিত পুলিশ ফাঁড়ির কাজ পরিদর্শন করে চুয়াডাঙ্গা জেলার এসপি জাহিদুল ইসলাম। তিনি বলেন, দুর্গম এই অঞ্চলে প্রশাসনিক নিরাপত্তার জন্য নির্মাণ করা হচ্ছে ক্যাম্পটি। যা এ অঞ্চলের মানুষের নিরাপত্তা নিশ্চিত করতে সুবিধা হবে।

এসময় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) সাইফুল ইসলাম, পরিদর্শক (ওসি) অপারেশন একরামুল হক, খাসকররা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তাফসির আহমেদ লাল।

মেহেরপুরের বারাদীতে ব্র্যাকের উদ্যোগে চারা বিতরণ

বাংলাদেশের স্বাধীনতা অর্জনের এক বছর পরেই ব্র্যাকের জন্ম। এর লক্ষ্য ছিল সদ্য স্বাধীন দেশের মানুষের উন্নয়ন। বিশ্বখ্যাত প্রতিষ্ঠান ব্র্যাক ৫০ বছরে বাংলাদেশের উন্নয়নের মডেল হিসেবে

বিশ্বের স্বীকৃতি পেয়েছে।

এই অগ্রগতির সঙ্গে সব সময় থাকবে ব্রাক। দেশের সীমা ছাড়িয়ে এখন বিশ্বের নানা প্রান্তে এই সংগঠনের কাজ ছড়িয়ে গেছে। নানামুখী কর্মসূচির মাধ্যমে বিশ্বের দশটি দেশের মানুষের উন্নয়নে কাজ করে যাচ্ছে এই সংস্থা।

সাত বছর ধরে বিশ্বের শীর্ষ এনজিওর স্বীকৃতিও অর্জন করেছে সংস্থাটি। ব্রাকের ৫০ বছর পূর্তিতে সোমবার মেহেরপুর সদরের বারাদী শাখায় দিনব্যাপী মতবিনিময় সভা ও সদস্যদের মাঝে ফলজ চারা বিতরণ করা হয়েছে।

বারাদী শাখার ব্যবস্থাপক(দাবী) শাহাদাৎ হোসেন বলেন, ব্র্যাকের ৫০ বছর পুর্তিতে ৫০ জন সদস্যকে একটি করে আম ও একটি মাল্টা গাছ বিতরণ করা হয়েছে।

এসময় উপস্থিত ছিলেন এসসিডিপি সাইদুর রহমান, সিও (প্রগতি) আজিজুর রহমান সহ শাখার অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

আলমডাঙ্গায় ১৭ বছর পর উপজেলা আ.লীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

আলমডাঙ্গায় ১৭ বছর পর উপজেলা আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সোমবার বেলা ১১ টার দিকে আলমডাঙ্গা ডিগ্রী কলেজ মাঠে এ সম্মেলনের আয়োজন করা হয়।

জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করেন আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতারা। পরে সম্মেলনের উদ্বোধন ঘোষণা করেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন এমপি।

উপজলা আওয়ামী লীগের সভাপতি হাসান কাদির গণুর সভাপতিত্বে সম্মেলনে

প্রধান অতিথি ছিলেন বাংলাদশ আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক বি এম মোজাম্মেল হক। তিনি বলেন, নির্বাচনে নৌকার বিদ্রোহী প্রার্থীদের কোন পদ দেয়া হবে না। দলের জন্য নিবেদিত প্রাণ ও যোগ্য ব্যক্তিদের পদায়ন করা হবে।

বিশেষ অতিথি ছিলেন আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির সদস্য পারভীন জামান কল্পনা, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আজাদুল ইসলাম আজাদ, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আলী আজগার টগর এমপি, যুগ্ম সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন।

পরে বিকেল ৫ টার দিকে দ্বিতীয় অধিবেশনে শুরু হয়। দ্বিতীয় অধিবেশনে আবু মুসাকে সভাপতি ও ইয়াকুব আলী মাষ্টারকে সাধারণ সম্পাদক করে আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের কমিটি ঘোষনা করা হয়। উ

ল্লেখ্য- সব শেষ গত ২০০৫ সালের মার্চ মাসে আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহে তথ্য অধিকার আইন বিষয়ক জনঅবহিতরণ সভা

ঝিনাইদহে তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ক জনঅবহিতরণ সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকালে জেলা শিল্পকলা একাডেমীতে এ অনুষ্ঠানের আয়োজন করে তথ্য কমিশন ও জেলা প্রশাসন।

জেলা প্রশাসক মনিরা বেগম’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধান তথ্য কমিশনার মরতুজা আহমদ। বিশেষ অতিথি ছিলেন পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম, জেলা পরিষদের চেয়ারম্যান কনক কান্তি দাস, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, স্থানীয় সরকারের উপ-পরিচালক ইয়ারুল ইসলাম।

সভায় তথ্য অধিকার আইনের বাস্তবায়ন, তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্যের অধিকার নিশ্চিত করতে কর্মকর্তাদের করনীয় নানা বিষয়

অবহিত করা হয়। অনুষ্ঠানে জেলা ও ৬ উপজেলার বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, জনপ্রতিনিধিরা অংশ নেয়।

চুয়াডাঙ্গায় পুলিশ কনস্টেবল নিয়োগ উপলক্ষে ব্রিফিং

বাংলাদেশ পুলিশে ট্রেইনি কনস্টেবল(টিআরসি) নিয়োগ উপলক্ষে চুয়াডাঙ্গা পুলিশ লাইন্সে ব্রিফিং সেশন অনুষ্ঠিত হয়।

আজ সোমবার ব্রিফিং অনুষ্ঠানে চুয়াডাঙ্গা জেলার সুযোগ্য পুলিশ সুপার জনাব মোঃ জাহিদুল ইসলাম (বিপিএম-সেবা) ব্রিফ করেন।

পুলিশ সুপার মহোদয় বাংলাদেশ পুলিশে ট্রেইনি কনস্টেবল(টিআরসি)পদে নিয়োগ প্রত্যাশীদের উদ্দেশ্যে বলেন,আগামীকাল থেকে চুয়াডাঙ্গা জেলা পুলিশ লাইন্স মাঠে কনস্টেবল পদে নিয়োগ প্রক্রিয়া শুরু হবে।নিয়োগের ভিত্তি হবে যোগ্যতা এবং শুধুমাত্র যোগ্যতা।সকল প্রার্থীর সামনে খোলা মাঠে শারীরিক পরীক্ষা হবে। কাজেই কাউকে বিশেষ সুবিধা দেয়ার কোন সুযোগই নেই।লিখিত পরীক্ষার খাতা কোডিং করে নাম ঠিকানা লেখা অংশ রেখে শুধু উত্তর লেখা অংশ পুলিশ হেডকোয়ার্টার্স এ প্রেরণ করা হবে। ভিন্ন বোর্ড খাতা মূল্যায়ন করবে। যারা খাতা দেখবে তাদের পক্ষে কার খাতা সেটা দূরে থাক, কোন জেলার খাতা সেটা বুঝারও কোন সুযোগ নেই।

সর্বাধুনিক এই নিয়োগ পদ্ধতিতে পুলিশ সুপার বা অন্য কোন সদস্যের কাউকে সহায়তা করার সুযোগ নেই।তাই অযথা প্রতারিত হবেন না। কেউ যদি টাকা পয়সা বা অন্য কিছুর বিনিময়ে চাকুরীর আশ্বাস দেয় তবে আপনি নিশ্চিত থাকুন সে প্রতারক। প্রতারককে পুলিশে সোপর্দ করুন। ছোট দেশ, পুলিশের উর্ধ্বতন অনেক কর্মকর্তার সাথে অনেকের পরিচয় বা আত্মীয়তা থাকতেই পারে। তারা আপনার সামনে থেকে তাদের ফোন করে কুশল বিনিময় করে আপনাকে বিভ্রান্ত করতে পারে। বিভ্রান্ত হবেন না। আপনি পরীক্ষায় না টিকলে পুলিশ বা অন্য বিভাগের কোন কর্তাব্যক্তির কোন ক্ষমতায় নাই আপনাকে পুলিশের চাকুরী দেবার। যদি কেউ আশ্বাস দিয়ে থাকে তবে আপনি নিশ্চিত থাকুন সে ঠক,ভন্ড,

প্রতারক।আসলে শুধু কর্মকর্তা নন, কারোরই ক্ষমতা নেই আপনাকে চাকুরী দেবার। আপনাকে চাকুরী দিতে পারেন কেবল আপনিই,সকল পরীক্ষায় ভালো করে। সৃষ্টিকর্তা ছাড়া কাউকেই বিশ্বাস করবেন না, নিজের উপর আস্থা রাখুন। কোনভাবেই প্রতারকের খপ্পরে পড়বেন না যেন।

তিনি আরো বলেন, চুয়াডাঙ্গা জেলার সবর্ত্র সাদা পোষাকে গোয়েন্দা নজরদারি বৃদ্ধি করা হয়েছে। আসন্ন কনস্টেবল(টিআরসি) নিয়োগে অবৈধ্যভাবে জড়িত কারও সন্ধান পেলে তার বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

পুলিশ সদস্যদের বিরুদ্ধে কঠোর হুশিয়ারি উচ্চরণ করে বলেন,অসদুপায়ে কনস্টেবল(টিআরসি)নিয়োগের সাথে জড়িত কাউকে ছাড় দেওয়া হবে না।পুলিশের কোন সদস্য নিয়োগের সাথে জড়িত হলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থাসহ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

ব্রিফিং সেশন শেষে পুলিশ সুপার সকল পুলিশ সদস্য ও বোর্ড সংশ্লিষ্ট সবাইকে নিজ অবস্থান থেকে অর্পিত দ্বায়িত্ব সঠিকভাবে পালনের আহবান জানান।

ব্রিফিং সেশনে আরও উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার(ক্রাইম অ্যান্ড অপস্) কনক কুমার দাস, সহকারি পুলিশ সুপার(দামুড়হুদা সার্কেল) মোঃ মুন্না বিশ্বাসসহ নিয়োগ বোর্ড সংশ্লিষ্ট অফিসার ফোর্সগন।

ছহিউদ্দিন বিশ্বাসের ৩২তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে স্মারক সংখ্যা প্রকাশ

মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য, মুক্তিযুদ্ধের সংগঠক, মেহেরপুর আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা স্বাধীনতা পদক প্রাপ্ত মরহুম ছহিউদ্দিন বিশ্বাসের ৩২তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে স্মারক সংখ্যা প্রকাশ, স্মরণসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকালে ছহিউদ্দিন ডিগ্রি কলেজ মিলনায়তনে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

সহকারি অধ্যাপক ফররুখ আহম্মেদের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন, সহকারি অধ্যাপক মাসুদ রেজা।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা আওয়ামী লীগের সহ সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, সাধারণ সম্পাদক এম এ খালেক। এসময় উপস্থিত ছিলেন, ছহিউদ্দিন ডিগ্রি কলেজের অধ্যক্ষ একরামুল আজিম, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, সহিদ সাদেক হোসেন বাবুল, নাসের আহম্মেদ সহ কলেজের শিক্ষক, ছাত্রছাত্রী, কর্মকর্তা-কর্মচারী, আওয়ামী লীগ,যুবলীগ ও ছাত্রলীগের নেতাকর্মীরা।

উল্লেখ্য, ১৯২৩ সালে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম মরহুম ইয়াকুব হোসেন বিশ্বাস। দেশ বিভাগের পরপরই ছহিউদ্দিন বিশ্বাস মেহেরপুরে এসে স্থায়ীভাবে বসবাস করেন।

তিনি ষাটের দশকে মেহেরপুর পৌরসভার চেয়ারম্যান নির্বাচিত হন। ছয় দফা আন্দোলনসহ বিভিন্ন আন্দোলনে তিনি বলিষ্ঠ ভূমিকা পালন করেন।

আওয়ামী লীগের প্রার্থী হিসেবে তিনি ১৯৭০ সালে মেহেরপুর থেকে তৎকালীন পাকিস্তান জাতীয় পরিষদ সদস্য নির্বাচিত হন। ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধের অন্যতম সংগঠক হিসেবে প্রবাসী বাংলাদেশ সরকার গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন।

১৯৭৩ সালে তিনি বাংলাদেশের প্রথম জাতীয় সংসদ নির্বাচিত হন। এবং ১৯৭৫ সালে মেহেরপুর জেলার গর্ভণর নিযুক্ত হন।

১৯৯০ সালের আজকের এই দিনে ছহিউদ্দিন বিশ্বাস মৃত্যুবরণ করেন।

মহান স্বাধীনতা দিবস উদযাপনে দর্শনা কেরুজ চিনিকলের প্রস্তুতি সভা অনুষ্ঠিত

২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস। এ দিবসটি যথাযোগ্য মর্যাদার সহিত উদযাপনের লক্ষে দর্শনা কেরুজ চিনিকলের উদ্দ্যেগে প্রস্তুতি সভা করেছে।

রোববার বেলা ১১টার দিকে প্রতিষ্ঠানের মহা-ব্যবস্থাপক (প্রশাসন) শেখ মোঃ শাহাব উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় দিবসটি যাথাযোগ্য মর্যাদার সহিত পালনের লক্ষে উপস্থিত থেকে আলোচনা করেন প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন।

এসময় উপস্থিত থেকে আরো আলোচনা করেন, মহা-ব্যবস্থাপক (কৃষি) আশরাফুল আলম ভূইয়া, মহা-ব্যবস্থাপক (অর্থ) মুহাম্মদ সাইফুল ইসলাম, উপ-ব্যবস্থাপক (প্রশাসন ও প্রশিক্ষন) মাসুদ রেজা, কেরুজ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রহিম, জুনিয়র অফিসার (ভুমি) জহির উদ্দীন, কেরুজ শ্রমিক-কর্মচারি ইউনিয়নের সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ, সাধারণ সম্পাদক মাসুদুর রহমান, সহ সাধারণ সম্পাদক খবির উদ্দীন, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ডের কেন্দ্রীয় কমিটির সিনিয়র সহ-সভাপতি ও কেরুজ চিনিকল মুক্তিযোদ্ধা সন্তান কমান্ডের সভাপতি ইয়াসির আরাফাত মিলন, সহ-সভাপতি বাবুল আক্তার, সাধারণ সম্পাদক ও চিনিকলের মেম্বর সালাউদ্দিন সনেট, সাংগঠনিক সম্পাদক শিপলু।

আলোচনা সভায় মুক্তি যোদ্ধাদের বিষয় প্রাধান্য দিয়ে কেরুজ ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন বলেন, মুক্তিযোদ্ধারা জাতির অহংকার ও শ্রেষ্ঠ সন্তান। আমি প্রতিষ্ঠানের একজন ব্যবস্থাপক হিসাবে যতদিন দায়িত্বে থাকবো ততদিন মুক্তিযোদ্ধা ও তাদের প্রজন্মের জন্য কাজ করে যাবো ইনশাল্লাহ।